**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**ঢাকা, সোমবার ১৯ সেপ্টেম্বর ২০১৬, ৪ আশ্বিন ১৪২৩**
**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। বঙ্গবন্ধুর খুনিদের দেশে ফিরিয়ে আনতে বিদেশে জনমত গঠন করুন
:কানাডা আওয়ামী লীগের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। ভয়ঙ্কর তিনটি রোগ প্রতিরোধে গ্লোবাল ফান্ড ১ হাজার ৩০০ কোটি ডলার পাচ্ছে

৩। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির তদন্ত প্রতিবেদন প্রকাশ বৃহস্পতিবার : অর্থমন্ত্রী

৪। কৃষি বিজ্ঞানীদের পরিশ্রমে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ: কৃষিমন্ত্রী

৫। নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষায় গড়ে তুলতে হবে : কুমিল্লায় শিক্ষামন্ত্রী

৬। অক্টোবরের মধ্যেই এপিআই শিল্পপার্কে প্লট বরাদ্দ : ওষুধ শিল্প মালিকদের সঙ্গে শিল্পমন্ত্রীর বৈঠক

৭। এসডিজি বাস্তবায়নে বাংলাদেশের অঙ্গীকারের প্রশংসা জাতিসংঘের

৮। সাতক্ষীরায় চাঁদাবাজির মামলায় এমপি-পুত্র রুমন গ্রেফতার

৯। টাঙ্গাইলের ফারুক হত্যা মামলায় আত্মসমর্পণের পর এমপি আমানুর রহমান খান রানা জেলে

১০। কুমিল্লায় প্রাইভেটকার খালে পড়ে এক পরিবারের তিন জনসহ নিহত ৫
অন্যত্র পৃথক সড়ক দুর্ঘটনায় হত ৬

**চলমান পাতা/২**

**১। বঙ্গবন্ধুর খুনিদের দেশে ফিরিয়ে আনতে বিদেশে জনমত গঠন করুন**
**:কানাডা আওয়ামী লীগের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমনের খুনিদের প্রত্যর্পণের ব্যাপারে জনমত তৈরির জন্য কানাডা ও যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রবাসী বাংলাদেশিদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, 'আমি আপনাদের সামনে এই দাবি রেখে যাচ্ছি, যে দেশে আপনারা বসবাস করছেন, সেই দেশের জনপ্রতিনিধিদের চিঠি লিখুন এবং এই চেতনা জাগ্রত করুন, কেন এসব দেশ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকারীদের আশ্রয় দিচ্ছে। কানাডা সফরকালে স্থানীয় সময় গত **১৭** সেপ্টেম্বর শনিবার রাতে সেন্টার মন্ট রয়েলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেওয়া এক সংবর্ধনায় তিনি এ কথা বলেন। বাংলাদেশ আওয়ামী লীগ কানাডা শাখা এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)। **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **ভোরের কাগজ, ইনকিলাব, সমকাল, জনকণ্ঠ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে, নিউ টুডে** সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবি সহ খবর ছেপেছে।

**২। ভয়ঙ্কর তিনটি রোগ প্রতিরোধে গ্লোবাল ফান্ড ১ হাজার ৩০০ কোটি ডলার পাচ্ছে**

বিশ্বের সবচেয়ে ভয়ঙ্কর তিনটি রোগ এইডস, যক্ষা ও ম্যালেরিয়া প্রতিরোধে গ্লোবাল ফান্ডকে **১** হাজার **৩**শ (**১৩** বিলিয়ন) কোটি ডলার অনুদান দেওয়ার অঙ্গীকারের মধ্য দিয়ে গত **১৭** সেপ্টেম্বর শনিবার শেষ হয়েছে ফিফথ রিপ্লেনিশমেন্ট কনফারেন্স অব দ্য গ্লোবাল ফান্ড (জিএফ)। কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো গত **১৭** সেপ্টেম্বর শনিবার বিকেলে আইসিএওর সদর দপ্তরের অ্যাসেম্বলি হলে সম্মেলনের সমাপনী অধিবেশনে ঘোষণা করেন- বিশ্ব নেতারা দুদিনের সম্মেলনে বিশ্বের সর্বাপেক্ষা ভয়ঙ্কর তিনটি রোগ প্রতিরোধে এই তহবিলে **১** হাজার **৩**শ কোটি ডলার অনুদান দেওয়ার অঙ্গীকার করেছে এবং এর ফলে গোটা বিশ্বে ৮০ লাখ লোকের জীবন রক্ষা পাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অন্যান্য রাষ্ট্র ও সরকারপ্রধানদের পাশাপাশি বিভিন্ন দেশের স্বাস্থ্যমন্ত্রীদের সঙ্গে সম্মেলনের সমাপনী অধিবেশনে যোগদান করেন। সূত্র- **ভোরের কাগজ** ( শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৩)।

**৩। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির তদন্ত প্রতিবেদন প্রকাশ বৃহস্পতিবার : অর্থমন্ত্রী**

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনার তদন্ত প্রতিবেদন আগামী ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার জনসমক্ষে প্রকাশ করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ১৮ সেপ্টেম্বর রোববার সচিবালয়ে সাংবাদিকদের তিনি এ কথা জানান। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে**(পৃ.১০,ক.৫)।

**৪। কৃষি বিজ্ঞানীদের পরিশ্রমে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ: কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, আওয়ামী লীগ সরকার এবং কৃষি বিজ্ঞানীদের অক্লান্ত পরিশ্রমে বাংলাদেশ বর্তমানে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। যখনই প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ক্ষমতায় আসে তখনই দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়। গতকাল **১৮** সেপ্টেম্বর রোববার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে ৯ দিনব্যাপী 'কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা -২০১৬'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। **সূত্র- সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.৬,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫)।

**৫। নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষায় গড়ে তুলতে হবে : কুমিল্লায় শিক্ষামন্ত্রী**

নতুন প্রজন্মের মাঝে শিক্ষার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড প্রসার ঘটানোর আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল **১৮** সেপ্টেম্বর রোববার কুমিল্লার শহীদ ধীরেন্দ্র নাথ দত্ত স্টেডিয়ামে পাঁচ দিনব্যাপী ৪৫তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতির আয়োজনে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কুমিল্লার ব্যবস্থাপনায় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, শিক্ষার্থীদের প্রযুক্তিনির্ভর বিশ্বমানের শিক্ষায় গড়ে তুলতে হবে। শিক্ষার্থীদের নৈতিক, মানবিক ও আধুনিক মূল্যবোদ সম্পন্নভাবে গড়ে তুলতে আমরা কাজ করছি।

সূত্র- **সমকাল** (পৃ.১৫,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **যায়যায়দিন** (পৃ.১১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪)।

**৬। অক্টোবরের মধ্যেই এপিআই শিল্পপার্কে প্লট বরাদ্দ : ওষুধ শিল্প মালিকদের সঙ্গে শিল্পমন্ত্রীর বৈঠক**

চলতি বছরের অক্টোবরের মধ্যেই এপিআই শিল্পপার্কে প্লট বরাদ্দ প্রদান সম্পন্ন হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, প্লট বরাদ্দ প্রদানের পরপরই শিল্প নগরীতে ওষুধের কাঁচামাল উৎপাদনের কারখানা স্থাপন শুরু হবে। এর ফলে ওষুধ শিল্পের কাঁচামাল খাতে আমদানি খরচ শতকরা ৭০ ভাগ কমে আসবে। বিসিকের আওতায় বাস্তবায়নাধীন ওষুধ শিল্পনগরী প্রকল্পের (এপিআই শিল্প পার্ক) অগ্রগতি পর্যালোচনা সভা শেষে শিল্পমন্ত্রী সাংবাদিকদের এ কথা জানান। গতকাল **১৮** সেপ্টেম্বর রোববার শিল্প মন্ত্রণালয়ে বাংলাদেশ ওষুধ শিল্প মালিক সমিতির প্রতিনিধিদলের সঙ্গে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শিল্পনগরীতে ৪২টি শিল্প ইউনিটের অনুকূলে প্লট বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া, শিল্প উদ্যোক্তাদের নিজস্ব অর্থায়নে কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার স্থাপনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৬), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **ইনকিলাব (পৃ.৩,ক.৫)। ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**৭। এসডিজি বাস্তবায়নে বাংলাদেশের অঙ্গীকারের প্রশংসা জাতিসংঘের**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বাংলাদেশের অঙ্গীকারের প্রশংসা করেছে জাতিসংঘ। সংস্থার মহাসচিবের বিশেষ উপদেষ্টা ড. ডেভিড ন্যাবারো বলেন, এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেছে। এ কমিটি গঠনের মাধ্যমে দেশটি তার অঙ্গীকার পূরণে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। সংবাদ সংস্থা ইউএনবির প্রশ্নের জবাবে তিনি সরকারের প্রশংসা করেন। এসডিজি গ্রহণের এক বছর পূর্তি উৎসব উপলক্ষে তিনি এমন প্রশংসা করলেন। আজ **১৯** সেপ্টেম্বর সোমবার নিউইয়র্কে ওই উৎসব শুরু হবে। এতে ১৪০টি দেশের প্রতিনিধিরা অংশ নেবেন। সূত্র- **সমকাল** (পৃ.১৫,ক.৮), **বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১), এশিয়ান এজ (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫),**

**৮। সাতক্ষীরায় চাঁদাবাজির মামলায় এমপি-পুত্র রুমন গ্রেফতার**

আওয়ামী লীগ নেতাকে হত্যাচেষ্টা ও চাঁদাবাজির দুটি মামলায় সাতক্ষীরা সংরক্ষিত মহিলা আসনের এমপি রিফাত আমিনের পুত্র রাশেদ সারোয়ার রুমনকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল **১৮** সেপ্টেম্বর রোববার দুপুর দেড়টার দিকে শহরের চৌরঙ্গী মোড়ের একটি ভাড়া বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। সাতক্ষীরা সদর থানার ওসি ফিরোজ হোসেন মোল্লা জানান, আওয়ামী লীগের নেতা জুলফিকারের দায়েরকৃত হত্যাচেষ্টা ও বিনেরপোতা পদ্মা হ্যাচারির মালিক সিরাজুল ইসলাম বুলেটের দায়ের করা দুটি মামলায় রুমনকে গ্রেফতার করা হয়েছে।

সূত্র- **সংবাদ (পৃ.১,ক.১), ইত্তেফাক ( শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৪)।

**৯। টাঙ্গাইলের ফারুক হত্যা মামলায় আত্মসমর্পণের পর এমপি আমানুর রহমান খান রানা জেলে**

টাঙ্গাইলে জেলা আওয়ামী লীগ নেতা মুক্তিযোদ্ধা ফারুক আহমেদ হত্যা মামলার পলাতক আসামি সংসদ সদস্য আমানুর রহমান খান রানাকে জেলহাজতে পাঠানো হয়েছে। গতকাল **১৮** সেপ্টেম্বর রোববার সকালে তিনি প্রথম অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে আত্মসমর্পণ করে জামিনে মুক্তির আবেদন করলে বিচারক আবুল মনসুর মিয়া তার আবেদন নামঞ্জুর করে তাকে জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন। ফারুক হত্যাকাণ্ডের তিন বছর আট মাস পর মামলার অন্যতম এই আসামি আদালতে আত্মসমর্পণ করলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)। **সংবাদ, আমাদের সময়, ডেইলি সান, নিউ এজ, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। কুমিল্লায় প্রাইভেটকার খালে পড়ে এক পরিবারের তিন জনসহ নিহত ৫**
**অন্যত্র পৃথক সড়ক দুর্ঘটনায় হত ৬**

সারাদেশে পৃথক সড়ক দুর্ঘটনায় **১১** জন নিহত ও ৩০ জন আহত হয়েছে। এর মধ্যে কুমিল্লায় প্রাইভেটকার খালে পড়ে একই পরিবারের তিনজনসহ পাঁচজন, গাজীপুরে মাইক্রোবাসের ধাক্কায় একজন, চট্টগ্রামের পটিয়ায় মাইক্রোবাস চাপায় একজন, দেওয়ানহাট এলাকায় বাসের ধাক্কায় একজন এবং বাগেরহাটে যাত্রীবাহী বাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে একজন নিহত হয়েছে। গত রোববার ও শনিবার এসব দুর্ঘটনা ঘটে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬),অবজারভার (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৫)।**

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, সমকাল, ডেইলি স্টার, ফিনানশিয়াল এক্সপ্রেস :** ঈদের ছুটিতে সড়ক দুর্ঘটনায় প্রতিদিন গড়ে ১৭ জনের বেশি প্রাণ হারানোর ঘটনার পরিপ্রেক্ষিতে যানবাহনের চালকদের বেপরোয়া যান চালানো দ্রুত বন্ধ করার পাশাপাশি লাইসেন্সবিহীন যানচালক ও ফিটনেসবিহীন যানবাহন যেন রাস্তায় নামতে না পারে, তা নিশ্চিত করার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** ই-বর্জ্য ব্যবস্থাপনায় পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রস্তাবিত 'ডিসপোজাল ম্যানেজমেন্ট রুল' বিধিটি কার্যকর করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিরাপদ অভিবাসন আইনটি প্রবাসী বাংলাদেশি শ্রমীক ও কর্মজীবীদের যথাযথ নিরাপত্তা প্রদান ও কল্যাণ সাধনে সমর্থ হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সংবাদ, ডেইলি সান :** হাজারীবাগের ট্যানারিশিল্প অতি দ্রুত সাভারে স্থানান্তরে সব পক্ষকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান।

ঙ. **যুগান্তর, ইনকিলাব :** এইচএসসি ও সমমানের পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণে সকল বোর্ডে অসংখ্য ভুল ধরা পড়ায় ভবিষ্যতে এ ধরনের ভুল এড়াতে প্রয়োজনে পদ্ধতিগত পরিবর্তন এনে পুরো বিষয়টাকে শৃংখলাবদ্ধ করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের রিপোর্টে দেশের প্রায় পাঁচ লাখ পথ শিশুদের দুর্ভোগের যে চিত্র তুলে ধরা হয়েছে তার পরিপ্রেক্ষিতে সরকারসহ এনজিওসংস্থাকে এসব পথ শিশুদের কল্যাণে এগিয়ে আসার আহ্বান।

জ. **ডেইলি সান :** এইডস, যক্ষা ও ম্যালেরিয়া এ তিনটি মারাত্মক রোগের হাত থেকে বিশ্বের স্বাস্থ্যখাতকে সুরক্ষায় সম্মিলিতভাবে সহায়তা অব্যাহত রাখতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানের বিষয় তুলে ধরে গ্লোবাল ফান্ড থেকে এ ধরনের বিনিয়োগ এসব রোগের প্রাদুর্ভাব থেকে জনগণকে সুরক্ষা দেবে বলে প্রত্যাশা।

ঝ. **নিউজ টুডে :** ভারতে কোরবানীর পশুর চামড়া পাচার প্রতিরোধে যথাযথ কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঞ. **নিউ নেশন :** সীমান্তে বিএসএফ কর্তৃক বাংলাদেশি নাগরিক হত্যা বন্ধে উভয় দেশকে সম্মিলিতভাবে যৌথ পাহারার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে দেশের শিক্ষার মান বাড়ানোর অপরিহার্য দুটি শর্ত-শিক্ষায় বিনিয়োগ বাড়ানো ও রাজনৈতিক অঙ্গীকার নিশ্চয়ই পূরণ করা সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নতুন জাগরণের অপেক্ষায় চিনিশিল্প'** শিরোনামের নিবন্ধে ড. সমজিৎ কুমার পাল কৃষি জমিতে সুগার বিটের চাষ বাড়িয়ে দেশের চিনি শিল্পের পুনর্জাগরণ সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

**ফারহানা/মরজিনা/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা**